

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।


সভাপতি	মোঃ জামাল হোসেন পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০৬/০৯/২০২২ খ্রি:, মঙ্গলবার।
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	Zoom অ্যাপসের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং-এ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভাপতি, সদস্য এবং সংশ্লিষ্টরা নিজ দপ্তর থেকে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন।
উপস্থিতি	পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট-কে আহ্বান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
---------	------------------	--------	-----------	----------------

<p>১. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা</p>	<p>সভায় খাদ্য অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। উক্ত সভায় সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতি, ই-নথির ব্যবহার বৃদ্ধি, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন, তথ্য বাতায়ন হালনাগাদকরণ, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, আওতাধীন দপ্তর সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এর পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>ক) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এর জন্য কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা তৈরি ও তা বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা নিবেন।</p> <p>খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথ প্রমানকসহ খাদ্য অধিদপ্তরে আগামী ০৫/১০/২০২২ তারিখের মধ্যে প্রেরণ এর জন্য সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককে অবহিত করনের জন্য পত্র দিতে হবে।</p> <p>গ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা যথাসময়ে আয়োজন করতে হবে। মাঠ পর্যায়ের পর্যায়ের প্রধান মিলারের দপ্তর, সিসিডিআর দপ্তর, সিএমএস দপ্তর, সাইলো অধিক্ষকের দপ্তর, ব্যবস্থাপক সিএসডি এর দপ্তর, জেখানি দপ্তর ও উখানি দপ্তরের প্রশিক্ষণের বিষয়ে প্রশিক্ষণ বিভাগ হতে নির্দেশনা ও গাইডলাইন প্রদান করতে হবে।</p> <p>ঘ) প্রশিক্ষণ ও কর্মশালা অনুষ্ঠিত হওয়ার ছবিসহ সংশ্লিষ্ট সকল বিষয়ে যথাযথ প্রমানক সংরক্ষণ করতে হবে।</p>	<p>ক) সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর /ইনোভেশন টীম, খাদ্য অধিদপ্তর।</p> <p>খ) সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর</p> <p>গ) পরিচালক, প্রশিক্ষণ, খাদ্য অধিদপ্তর</p> <p>ঘ) পরিচালক, প্রশিক্ষণ, খাদ্য অধিদপ্তর/সিস্টেম এনালিস্ট/ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল দপ্তর</p>
---	---	---	---

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জামাল হোসেন

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২১৭

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯

০৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ৪) নির্বাহী প্রকৌশলী (পুর), নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ), খাদ্য অধিদপ্তর
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, টাঙ্গাইল
- ৮) ইন্সট্রাক্টর, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৯) প্রোগ্রামার, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ১০) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর



মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট